



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (২য় সংশোধিত) প্রকল্প
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৭৭৬.১৪-৪৬৬

তারিখঃ ১০/০৭/২০১৭ খ্রিঃ


জনাব দিল্লাদিত্য সাহা
সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা
(লোন রিকভারি অফিসার হিসেবে সংযুক্ত)
ইরেসপো, বিআরডিবি, আমতলী, বরগুনা।

বিষয়ঃ কৈফিয়ত তলব প্রসঙ্গে।

সূত্রঃ ৪৭.৬২.০৪০০.১০০.১৮.১৯৬.১৪.৪০৬ তারিখঃ ১৯/০৬/২০১৭ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, উপজেলা পর্যায়ে সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তাগণ হচ্ছেন প্রকল্পের মূল বাস্তবায়নকারী কর্মকর্তা; সে হিসেবে আপনার দায়িত্ব হলো সদস্য অন্তর্ভুক্তি এবং সমিতি স্বীকৃতি দেয়ার পূর্বে মাঠ সংগঠক কর্তৃক সদস্যদের দাখিলকৃত তথ্য প্রকল্পের বাস্তবায়ন নীতিমালা অনুযায়ী সরেজমিনে যাচাই করা। কিন্তু আপনি নীতিমালা বহির্ভূতভাবে অন্য এলাকার স্থায়ী বাসিন্দাদের অত্র উপজেলায় প্রকল্পের সদস্য হিসেবে অন্তর্ভুক্তি করে সমিতি গঠন ও ঋণ বিতরণ করায় বর্তমানে বিপুল পরিমাণ অর্থ মেয়াদোত্তীর্ণ খেলাপী হয়েছে। এতে প্রমাণিত হয় যে আপনি আপনার উপর অর্পিত দায়িত্ব পালনে ব্যর্থ অথবা আপনি এ কার্যক্রমের সাথে জড়িত। তদুপরি আপনি কর্তৃপক্ষকে বিভ্রান্ত করার জন্য সূত্রোক্ত স্মারক মূলে মিথ্যা, বানোয়াট ও ভিত্তিহীন তথ্য দিয়ে জবাব প্রেরণ করেছেন, যা কোন ক্রমেই গ্রহণযোগ্য নয়।

এমতাবস্থায়, দায়িত্বে অবহেলা ও কর্তৃপক্ষকে বিভ্রান্ত করার অপচেষ্টার জন্য কেন আপনার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার জবাব যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আগামী ০৭ কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিলের জন্য বলা হলো।


প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক
ইরেসপো, বিআরডিবি, ঢাকা।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ বরগুনা।
২. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ আমতলী জেলাঃ বরগুনা।
৩. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৪. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৫. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৬. প্রকল্প পরিচালক, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
৭. অফিস কপি/ব্যক্তিগত নথি/গার্ড ফাইল।